

১) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক লাঞ্ছনার ঘটনার তদন্ত প্রতিবেদন দুজনকে কারণ দর্শানোর নোটিশ

নিম্নের বিবরণ, ফলাফল ও তদন্ত কর্মী বিশ্ববিদ্যালয় প্রতিবেদন
অনুসরণে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের
বঙ্গবন্ধু হল শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনা তদন্তে
গঠিত তিন সদস্যের কমিটি গত ৩১-০৭-০৮ রাতে
প্রতিবেদন জমা দিয়েছে। প্রতিবেদনের
পরিশ্রেণিতে প্রচুর কার্যালয় থেকে ছাত্রশীপের
দুই নেতার বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা
নেওয়া হবে না—এই মর্মে তাঁদের সাত দিনের
মধ্যে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।
বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে,
বঙ্গবন্ধু হল একটি অনুষ্ঠানকে কেন্দ্র করে গত
২৮ জুলাই রাতে হুইস টিউটর ও গ্রামীণ
সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক
ওয়াকিলুর রহমান ছাত্রশীপের একদল নেতা-
কর্মীর হাতে লাঞ্ছিত হন। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়
প্রশাসন গত বুধবার সিডিকেট সদস্য কৃষি
প্রকৌশল ও কারিগরি অনুষদের তিন অধ্যাপক
ড. মো. শাহসুউদ্দিনের নেতৃত্বে তিন সদস্যের
তদন্ত কমিটি গঠন করে। কমিটির অন্য দুই
সদস্য হলেন অধ্যাপক ড. নছরুল ইসলাম ও

প্রচুর অধ্যাপক ড. শামসুদ্দিন। গতকাল
শনিবারের মধ্যে কমিটিকে তদন্ত প্রতিবেদন জমা
দিতে বলা হয়েছিল। তারা এক দিন আগে
৩১-০৭-০৮ রাত ১২টার দিকে প্রতিবেদন জমা দেন।
বিশ্ববিদ্যালয়ের দায়িত্বশীপ একাধিক সূত্র
জানায়, প্রতিবেদনে দুজনকে অভিযুক্ত করা
হয়েছে। তারা হলেন কৃষি বিশ্ববিদ্যালয় শাখা
ছাত্রশীপের উপসংস্কৃতিক সম্পাদক দীপক কুমার
পাল ও পাঠাগার সম্পাদক বিমান চন্দ্র।
প্রতিবেদনের পরিশ্রেণিতে গতকাল প্রচুর
কার্যালয় থেকে ছাত্রশীপের এই দুই নেতাকে সাত
দিনের মধ্যে কারণ দর্শানোর নোটিশ দেওয়া
হয়েছে। প্রচুর অধ্যাপক শামসুদ্দিন জানান,
অধ্যাপক সখরুনের জন্য প্রচলিত নিয়মানুযায়ী
তাঁদের কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে।
শিক্ষক সমিতির কর্মসূচি: বাংলাদেশ কৃষি
বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি দোষীদের শাস্তির
দাবিতে পূর্বসংঘটিত কর্মসূচি অনুযায়ী গতকাল ছাত্র
ও গ্রীকপুর্বিন্দ্য বিভাগে সাধারণ সভা করে। বেলা
১১টা থেকে বিকেল তিনটা পর্যন্ত সভা চলে। সভায়
আজ রোববার সকালে ক্যাম্পাসে যৌন বিধি ও
কালো ব্যান ধারণ কর্মসূচি পালনের সিদ্ধান্ত হয়।